**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04-12-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু দূর্যোগ মোকাবিলায় স্থানীয়স্তরে জনগণকে প্রশিক্ষণ দেবার উপর গুরুত্ব আরোপ করেছেন |**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে নেশা মুক্ত ত্রিপুরা গঠন এবং বিপর্যয় মোকাবিলায় এন.সি.সি ক্যাডেটরা গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করছে |**

**(৩) রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন ২৩তম ভারত-রাশিয়া বার্ষিক শীর্ষ সম্মেলনে যোগদানের উদ্দেশ্যে আজ নতুনদিল্লিতে পোঁছেছেন ।**

**(৪) ক্রীড়া ও যুব বিষয়ক মন্ত্রী টিঙ্কু রায় আজ দু'দিনব্যাপী ২৯তম রাজ্য ভিত্তিক যুব** উৎসবের **উদ্বোধন করেন |**

********************************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু যে কোনো দূর্যোগ মোকাবিলায় স্থানীয়স্তরে জনগণকে প্রশিক্ষণ দেবার উপর গুরুত্ব আরোপ করেছেন| আজ সিপাহিজলা জেলার গোকুলনগরস্থিত রিজিওনাল রেসপন্স সেন্টারে এন.ডি.আর.এফ-এর ক্যাম্পাসে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল বি.এস.এফ-এর মত এন.ডি.আর.এফ-কেও স্থানীয় জনগনের জন্য দুর্যোগ মোকাবিলা সম্পর্কিত প্রদর্শনীর আয়োজন করতে পরামর্শ দেন| রাজ্যপালকে স্বাগত জানান এন.ডি.আর.এফ'র প্রথম ব্যাটেলিয়নের কমান্ডেন্ট হীতেন্দ্র পাল সিং কান্ডারি।

রাজ্যপাল ক্যাম্পাসটি ঘুরে দেখেন এবং দূর্যোগ মোকাবিলায় এন ডি আর এফ কিভাবে কাজ করে সে-সম্পর্কে অবগত হন। এন ডি আর এফ জওয়ানরা মহড়াও প্রদর্শন করেন। রাজ্যপালের সঙ্গে উপস্থিত ছিলেন সিপাহিজলা জেলা শাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল, জেলা পুলিশ সুপার বিজয় দেববর্মা প্রমুখ|

**************************

## Tripura NCC Fest-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে নেশা মুক্ত ত্রিপুরা গড়ার অভিযান এবং বিপর্যয় মোকাবিলায় এন.সি.সি ক্যাডেটরা গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করছে| আজ নরসিংগড়ের ত্রিপুরা ইনস্টিটিউট অফ টেকনোলজির এ.পি.জে আব্দুল কালাম অডিটরিয়ামে দু'দিনব্যাপী ত্রিপুরা এন.সি.সি ফেস্টের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন| তিনি বলেন, জীবন গঠনে শৃঙ্খলা অপরিহার্য| এনসিসি দেশাত্মবোধ ও শৃঙ্খলার পাঠ দেয়| তাই ছাত্রছাত্রীদের আরো বেশি করে এনসিসিতে আসা উচিত| ১৫ নম্বর ব্যাটেলিয়ন এনসিসি-র শিলচর ডিভিশনের আওতায় পরিচালিত রাজ্যস্তরের প্রশিক্ষণ শিবিরের অঙ্গ হিসেবে আয়োজিত এই ফেস্টে সারা রাজ্য থেকে এক হাজারের বেশি ক্যাডেট অংশগ্রহণ করেছেন| উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে কৃতিত্ব অর্জনকারী বিভিন্ন বাহিনীর ক্যাডেটদের হাতে শংসাপত্র তুলে দেন| এরপর তিনি অডিটোরিয়াম সংলগ্ন মাঠে এন.সি.সি ফেস্টের প্রদর্শনী পর্বের সূচনা করেন| সেখানে এন.সি.সি, সামরিক ও আধাসামরিক বাহিনী, ট্রাফিক পুলিশ, পাশাপাশি বিশালগড়ের রবীন্দ্রনাথ ঠাকুর মহাবিদ্যালয়, কৈলাসহর রামকৃষ্ণ মহাবিদ্যালয়, ইকফাই বিশ্ববিদ্যালয়, টি.আই.টি নরসিংগড়, রাবার বোর্ড, বিপর্যয় মোকাবিলা বিভাগ এই প্রদর্শনীতে অংশ গ্রহণ করেন|

**************************

**Biplab Kumar Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির রাজস্ব আয়ের স্বল্পতার বিষয়টিকে বিবেচনায় রেখে এই অঞ্চলের জনজাতি ছাত্রছাত্রীদের প্রি ও পোস্ট মেট্রিক স্কলারশিপের ১০০ শতাংশ অর্থ কেন্দ্রীয় সরকারকে বহন করার জন্য আজ লোকসভায় দাবি উত্থাপন করেন। এবিষয়ে অধিবেশনে শ্রী দেব কেন্দ্রীয় জনজাতি বিষয়ক মন্ত্রী জুয়েল ওরামের দৃষ্টি আকর্ষণ করেন।

#####Byte-Biplab Kumar Deb#####

******************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন রাজ্য সরকারের লক্ষ্য হচ্ছে ২০৩০ সালের মধ্যে রাজ্যের মানুষের মাথা পিছু বার্ষিক আয় যেন ৩ লক্ষ ৭০ হাজার টাকায় পৌছে দেওয়া।আজ ধলাই জেলার সালেমাতে উদ্ভিদ জাত সংরক্ষণ ও কৃষকদের অধিকার (PPV & FR আইন) সম্পর্কিত কর্মশালা ও অন্নদাতা কৃষকদের মধ্যে বিভিন্ন কৃষি যন্ত্রপাতি, আলু বীজ বিতরণ কর্মসূচির উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্য সরকার ক্ষমতায় আসার পর রাজ্যের জনগনের মাথা পিছু গড় আয় বেড়ে হয়েছে ১ লক্ষ ৯৮ হাজার টাকা। তিনি বলেন রাজ্যের অর্থনীতিতে কৃষকরাই প্রধান ভূমিকা পালন করছে। কৃষিক্ষেত্রে দ্রুত আধুনিকীকরণের উপর জোর দিয়ে বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ভারতকে বিশ্বের শস্য ভান্ডার হিসেবে গড়ে তোলার দৃষ্টিভঙ্গিকে সমর্থন করার জন্য স্বনির্ভর কৃষি অপরিহার্য। তিনি বলেন উন্নত সরঞ্জাম এবং উন্নতমানের সম্পদের সাহায্যে কৃষকরা আরও দক্ষতার সাথে চাষাবাদ করতে পারলে, রাজ্যে কৃষির উন্নয়ন ত্বরান্বিত করবে।

***************************

**BJP-Press Meet :**

শ্রমমন্ত্রী টিঙ্কু রায় বলেছেন, নতুন শ্রম কোড বিকশিত ভারত ও বিকশিত ত্রিপুরা গঠনে উল্লেখযোগ্য অবদান রাখবে। আজ আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন।তিনি বলেন, নতুন শ্রমকোড সম্পূর্ণভাবে শ্রমিকদের স্বার্থ উপযোগী এবং স্বাধীন ভারতে প্রথমবারের মতো শ্রমিকদের স্বার্থ রক্ষায় একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। উপস্থিত ছিলেন দলের সাধারণ সম্পাদক ভগবান দাস|

***************************

**Nesha Mukta Bharat :**

ঊনকোটি জেলা পুলিশ প্রশাসনের উদ্যোগে আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে নেশামুক্ত ভারত অভিযান এর অন্তর্গত "নারী-যুবা সুরক্ষা সম্মান অভিযান" বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন ঊনকোটি জেলার পুলিশ সুপার সুধাম্বিকা আর। তিনি বলেন, বাল্যবিবাহ ও নেশার বিরুদ্ধে সব অংশের নাগরিকদের এগিয়ে আসতে হবে। এবিষয়ে প্রচলিত আইন ও বিধি সম্পর্কে তিনি আলোকপাত করেন। বক্তব্য রাখেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, সমাজকল্যাণ দপ্তরের জেলা পরিদর্শক বিদ্যাসাগর দেববর্মা, প্রসূতি ও স্ত্রীরোগ বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ চিরঞ্জীব দেব প্রমুখ।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

****************************

**Putin :**

রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন ২৩তম ভারত-রাশিয়া বার্ষিক শীর্ষ সম্মেলনে যোগদানের উদ্দেশ্যে আজ নতুনদিল্লিতে পৌঁছেছেন। আজ সন্ধ্যায় পালাম বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী৷ শ্রী পুতিনকে ভারতীয় শাস্ত্রীয় নৃত্যের মাধ্যমে অভ্যর্থনা জানানো হয়| দুই দিনের এই সফরে রাষ্ট্রপতি পুতিন আগামীকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে আলোচনা করবেন। উভয় নেতা পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বৈশ্বিক বিষয় নিয়ে মতবিনিময় করবেন। উভয় দেশের মধ্যে বাণিজ্য, অর্থনীতি, স্বাস্থ্যসেবা, শিক্ষা, সংস্কৃতি এবং মিডিয়া সম্পর্কিত ক্ষেত্রগুলি সহ অনেক চুক্তি স্বাক্ষরিত হওয়ার আশা করা হচ্ছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুও রাশিয়ার রাষ্ট্রপতিকে অভ্যর্থনা জানাবেন এবং তাঁর সম্মানে একটি ভোজসভার আয়োজন করবেন।

*************************

**Youth Festival :**

ক্রীড়া ও যুব বিষয়ক মন্ত্রী টিঙ্কু রায় আজ আগরতলার নজরুল কলাক্ষেত্রে দুদিনব্যাপী ২৯তম রাজ্য ভিত্তিক যুব উৎসবের উদ্বোধন করেন| তিনি বলেন, এই উৎসব তরুণ প্রজন্মের শক্তি, সম্ভাবনা এবং ভবিষ্যৎ নির্মাণের এক অনন্য পরিক্রমা। তিনি বলেন এই উৎসবের মাধ্যমে তরুণ প্রজন্মের সুপ্ত প্রতিভা আরও বিকশিত হবে এবং তাদের পথচলায় আত্মবিশ্বাস প্রদান করবে। তিনি বলেন, একটি জাতির ভবিষ্যৎ গঠনে তরুণরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। শ্রী রায় আরো বলেন, অর্থনৈতিক প্রবৃদ্ধি, সামাজিক পরিবর্তন এবং অগ্রগতির জন্য যুবাদের অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ|

*************************

**Sarbananda Sonowal :**

কেন্দ্রীয় বন্দর, জাহাজ চলাচল ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল বলেছেন যে, সাম্প্রতিক বছরগুলিতে উত্তর-পূর্বাঞ্চল দেশের উন্নয়নের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে। আজ নতুনদিল্লিতে সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলতে গিয়ে মন্ত্রী বলেন যে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন নীতি ও কর্মসূচির মাধ্যমে সংযোগ এবং যোগাযোগ সহ বিভিন্ন ক্ষেত্রে এই অঞ্চলের দ্রুত প্রবৃদ্ধি হয়েছে। মন্ত্রী বলেন যে, গত ১১ বছরে এই অঞ্চলটি ভারতের অষ্টলক্ষ্মী হিসেবে স্বীকৃত, যা ভারতের বৃদ্ধি, সংযোগ এবং জাতীয় গর্বের প্রতিফলন। শ্রী সোনোয়াল এই অঞ্চলের অগ্রগতির মূল চালিকাশক্তি হিসেবে বাণিজ্যিক বিমানবন্দর, সেমিকন্ডাক্টর, রেলপথ এবং অন্যান্য ক্ষেত্রের সম্প্রসারণের কথাও উল্লেখ করেন। তিনি সম্প্রতি উদ্বোধন হওয়া ভৈরবী-সাইরং সংযোগ সহ আরও সাতটি সংযোগ স্থাপনের কথাও উল্লেখ করেন। তিনি আরও বলেন যে এই রেলপথ সংযোগগুলি সম্পন্ন হয়েছে এবং নাগাল্যান্ড, মণিপুর, সিকিম এবং মেঘালয় জুড়ে চারটি রেল প্রকল্পের কাজ চলছে। মন্ত্রী উল্লেখ করেন যে এই অঞ্চলের শান্তি ও স্থিতিশীলতা

উত্তর-পূর্বাঞ্চলকে বিনিয়োগের জন্য একটি অনুকূল গন্তব্যে পরিণত করার সম্ভাবনা উন্মোচন করেছে।

******************************

**BJP-Khowai :**

রামচন্দ্রঘাটের রাজনগর এডিসি ভিলেজের ধূপছড়া স্কুল মাঠে বিজেপির উদ্যোগে এক সভার আয়োজন করা হয়| এই সভায় জনকল্যাণে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প বিস্তারিত উল্লেখ করে বক্তব্য রাখেন বিজেপি প্রদেশ কমিটির সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা, বিজেপি খোয়াই জেলা কমিটির সভাপতি বিনয় দেববর্মা প্রমুখ|

******************************************

**CITU :**

সি.আই.টি.ইউ-র উদ্যোগে আজ আগরতলা শহরে এক বিক্ষোভ মিছিলের পর ওরিয়েন্ট চৌমুহনীতে এক সভা অনুষ্ঠিত হয়| এই সভায় বক্তব্য রাখেন সি.আই.টি.ইউ রাজ্য কমিটির সভাপতি মানিক দে ও রাজ্য সম্পাদক শংকর প্রসাদ দত্ত| তারা তাদের বক্তব্যে কেন্দ্রীয় সরকারের নতুন শ্রমকোডের বিরোধিতা করেন|

***************************

**Lok Bhawan Visit :**

আগামী ৬ই ডিসেম্বর থেকে সাধারণ মানুষ এবং ছাত্রছাত্রীরা লোকভবন পরিদর্শন করতে পারবেন। প্রতি মাসের প্রত্যেক শনিবার সকাল ১১টা থেকে বেলা দুটো পর্যন্ত ১ ঘন্টা করে ৩টি পর্বে লোকভবন পরিদর্শন করা যাবে। প্রতিটি পর্বে ২৫ থেকে ৩০ জন দর্শনার্থীকে লোকভবন দেখার সুযোগ দেওয়া

হবে। দর্শনার্থীদের সঙ্গে করে সচিত্র ভোটার পরিচয়পত্র অথবা আধার কার্ড আনতে হবে।

**************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে পশ্চিম জেলা, খোয়াই, ঊনকোটি, ধলাই ও উত্তর ত্রিপুরা জেলায় কিছু কিছু জায়গায় ঘন কুয়াশা পড়ার সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াস।

*******************************